নৌপথ, নদীবন্দর এগুলো ঠিক আছে কিনা, মানুষ এগুলো ব্যবহার করে উপকৃত হচ্ছে কিনা-সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে -নৌপরিবহন প্রতিমন্ত্রী

ঢাকা, ২০ মার্চ ২০২৪;

বিআইডব্লিউটিএ'র টোটাল ডেভেলপমেন্ট এবং চারিত্রিক কাঠামো অফিসার্স অ্যাসোসিয়েশনের কর্মকর্তাদের ওপর ডিপেন্ড করে। যেখানে ডেভেলপমেন্ট ওয়ার্ক হয়, সেখানে কিছু প্রশ্ন থাকতেই পারে। কাজটি সঠিকভাবে করছি কিনা-সেটা হল বড় বিষয়। সরকারের দায়িত্ব হচ্ছে পথ দেখানো। সে পথে সবাই হাঁটবে। নৌপথ নদীবন্দর এগুলো ঠিক আছে কিনা, মানুষ এগুলো ব্যবহার করে উপকৃত হচ্ছে কিনা-সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। বঙ্গবন্ধু আপনার, আমার সবার। ৭৫ এর পর বঙ্গবন্ধুকে নিষিদ্ধ করেছিল। ৭৫ এর পর আওয়ামী লীগ বঙ্গবন্ধুর হাল ধরেছে। একাত্তরের আগে দলমত নির্বিশেষে বঙ্গবন্ধু সবার ছিলেন। এগিয়ে যাওয়ার জন্য সাপোর্ট লাগে। আর সে সাপোর্টটি হলো বঙ্গবন্ধু। তিনি কিভাবে দেশ নিয়ে ভেবেছেন। সে বিষয়টি ধারণ করতে হবে। আমাদের মূল জায়গাটি হল মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর আদর্শ। সে আদর্শকে ধারণ করে কাজ করুন।

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী এমপি'র সাথে বিআইডব্লিউটিএ অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কর্মকর্তাবৃন্দ আজ ঢাকায় মিন্টু রোডস্থ বাসভবনে সাক্ষাত করতে এলে তিনি এসব কথা বলেন।

বিআইডব্লিউটিএ অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি রকিবুল ইসলাম তালুকদার এবং সাধারণ সম্পাদক এ কে এম আরিফ উদ্দিন এর নেতৃত্বে ২৫ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদের কর্মকর্তাবৃন্দ সাক্ষাত করেন।

মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪